## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

বাংলাদেশের জনসংখ্যাকে পরিকল্পিতভাবে উন্নয়ন ও নিয়ন্ত্রণের মাধ্যমে সুস্থ্য, সুখী ও সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ে তোলা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

চতুর্থ স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর প্রোগ্রাম এর মাধ্যমে মানসম্মত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, প্রজনন স্বাস্থ্য সেবা, বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য অনুকূল পরিবেশ তৈরী করা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

- **১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**
  - ১. পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহারকারীর হার (CAR) বৃদ্ধির জন্য কার্যক্রম পরিচালনা
  - ২. মা , নবজাতক শিশু, কিশোর- কিশোরীদের মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদান
  - ৩. পরিকল্পিত পরিবার গঠনে সামাজিক সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ
  - ৪. জন্ম নিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্য সামগ্রী নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ এবং তথ্য ব্যবস্থাপনা উন্নয়ন
  - ৫. কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্ন্য়নের ব্যবস্থা গ্রহণ

- **১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**
  - ১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

- ১. ১. (১) Method Mix এর আলোকে পদ্ধতি ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন করা; (২) টিএফআর হ্রাস করার জন্য স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির সেবা গ্রহীতার সংখ্যা বৃদ্ধি করা;(৩) বিভিন্ন শ্রেণী ভিত্তিক মানুষের মাঝে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য। কিশোর-কিশোরীর প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি স্বাস্থ্য সেবা কার্যক্রম বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;(৪) মা ,শিশু, প্রজনন ও বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সেবা প্রদান করা;(৫) কৈশোরকালীন স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করা; (৬) প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতির উপর চিকিৎসক ও প্যারামেডিকদের প্রশিক্ষণ প্রদান করা;(৭) পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং পুষ্টি সেবা কার্যক্রমের তথ্য এসএস, ই-এমআইএস ও উপকরণ ও সরবরাহ(এলএমআইএস) এর মাধ্যমে মাসিক ও বাৎসরিক প্রতিবেদন যথাসময়ে আপলোড করা;(৮) মাঠ পর্যায়ে সকল কর্মকর্তাদের ই-এমআইএস এর অন্তর্ভূক্তিকরণ এবং পরিপূর্ণ ব্যবহার নিশ্চি করা; (৯) পরিবার পরিকল্পনা, মা ও শিশ স্বাস্থ এবং পুষ্টি বিষয়ক ক্যাম্পেইন আয়োজন; (১০) পরিবার পরিকল্পনা। মা ও শিশু স্বাস্থ্য, কিশোর-কিশোরীদের পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত আইইসি সামগ্রী মাট পর্যায়ে বিতরণ এবং প্রচার নিশ্চিত করা; (১১) ভ্রাম্যমান চলচ্চিত্র এভি ভ্যানের মাধ্যমে মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম পরিচালনা করা;(১২) মাঠ পর্যায়ে জন্ম নিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্য সামগ্রীর মজুদ ও বিতরণ নিশ্চিত করা;(১৩) ঘাচতি ও অপূরনীয় চাহিদা নিরুপনে মনিটরিং ও প্রতিবেদন প্রণয়ন/প্রেরণ করা;(১৪) স্যাটেলাইট ক্লিনিক সংগঠন, উঠান বৈঠক অনুষ্ঠানসহ বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন করা;(১৫) প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা এএনসি এবং পিএনসি সেবা নিশ্চিত করা; (১৬) মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রতিষ্ঠানিক প্রসব সেবার সংখ্যা বৃদ্ধি কর; (১৭) প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (পিপিএফপি) সেবার সংখ্যা বৃদ্ধি করা; (১৮) জেলা পর্যায়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে এবং উপজেলা পর্যায়ে এমসিএইচ ইউনিট পর্যায়ে ব্রেষ্ট ফিডিং কর্ণার চালু করা।